গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
মনিটরিং-১ শাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

তেজগাঁও উন্নয়ন সার্কেলের কার্যক্রম ও বর্তমান অবস্থা সম্পর্কে অনুষ্ঠিত আলোচনা সভার কার্যবিবরণী।

তারিখ ঃ ১৬ জানুয়ারী, ২০১৮খ্রিঃ।
সভাপতি ঃ জনাব এ এস এম মাহবুবুল আলম, মহাপরিচালক(মইই উইং), স্থানীয় সরকার বিভাগ।
স্থান ঃ সভাপতির অফিস কক্ষ।
সময় ঃ সকাল ১০.০০ ঘটিকা।
সভায় উপস্থিতির তালিকা ঃ পরিশিষ্ট-'ক'

১। সভার শুরুতে সভাপতি মহোদয় সকলকে স্বাগত জানিয়ে বলেন যে, দেশের একমাত্র উন্নয়ন সার্কেল তেজগাঁও। এর অধীন মোট ১৬টি ইউনিয়নকে ঢাকা উত্তর ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের অন্তর্ভূক্ত করে গেজেট প্রকাশিত হয়। বর্তমানে এ সার্কেলের অধীন আর কোন ইউনিয়ন নেই। এমতাবস্থায়, তেজগাঁও উন্নয়ন সার্কেলের কার্যক্রম ও বর্তমান অবস্থা সম্পর্কে আলোচনার জন্য সভায় উপস্থিত সকলকে অনুরোধ করেন।

২। আলোচনায় অংশ নিয়ে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের প্রধান সম্পত্তি কর্মকর্তা বলেন যে, যেহেতু ইতোমধ্যে তেজগাঁও উন্নয়ন সার্কেলের ইউনিয়নসমূহ ঢাকা উত্তর ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের অন্তর্ভূক্ত করা হয়েছে, তাই জরুরী সেবা প্রদানে সমস্যা সৃষ্টি হচ্ছে। যেমন, জন্ম নিবন্ধন সনদ, নাগরিকত্ব সনদ, মৃত্যু সনদ, ইত্যাদি ইস্যুকরণ থেকে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ ক্ষেত্র বিশেষে বিরত থাকেন। তাছাড়া ঢাকা উত্তর ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনে অন্তর্ভূক্ত ইউনিয়নগুলি কোন্ কোন্ জোনে অন্তর্ভূক্ত হবে তা নির্ধারণ করা হয়নি এবং কোন জনবলও নিয়োগ করা হয়নি। ফলে ঢাকা উত্তর ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের উক্ত ইউনিয়নভূক্ত ওয়ার্ডগুলি থেকে জরুরী সেবা প্রদান করা যাচ্ছে না। এ বিষয়ে তিনি নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ জানান। তিনি আরও জানান, ভূমি হস্তান্তর করের ১% অর্থ পূর্বের ন্যায় এখনও সাব-রেজিষ্ট্রি অফিস হতে সার্কেল অফিসারের হিসাবে জমা হচ্ছে। এটা পরিবর্তন করে এ অর্থ ঢাকা উত্তর ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট হিসাবে জমা দেয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান।

আলোচনায় অংশ নিয়ে সার্কেল অফিসার, তেজগাঁও উন্নয়ন সার্কেল বলেন যে, তেজগাঁও উন্নয়ন সার্কেলের ইউনিয়নগুলি ঢাকা উত্তর ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনে অন্তর্ভূক্ত করে প্রজ্ঞাপন জারী হওয়ায় উন্নয়ন সার্কেলের কার্যক্রম সংকুচিত হয়েছে। বর্তমানে বিদ্যমান তেজগাঁও উন্নয়ন সার্কেলের আওতাধীন অফিসসমূহ ক) এলজিইডি খ) থানা প্রাণিসম্পদ অফিস গ) মেট্রোপলিটন কৃষি অফিস ঘ) বিআরডিবি ঙ) প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার অফিস চ) জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর ছ) মহিলাবিষয়ক কর্মকর্তার অফিস জ) সমাজসেবা অফিস ঝ) পরিসংখ্যান অফিস ঞ) থানা পরিবার পরিকল্পনা অফিস ইত্যাদিতে সমন্বয়কের কাজ করেন সার্কেল অফিসার। তিনি আরও জানান, এ বিভাগ হতে ছাড়কৃত জি,ও তে তেজগাঁও উন্নয়ন সার্কেলের নাম উল্লেখ না থাকলেও জি,ও তে বরাদ্দকৃত অর্থ বন্টনের সময় ঢাকা বিভাগীয় কমিশনার অফিস হতে উন্নয়ন সার্কেলের কর্মকর্তা/কর্মচারীদের বেতন ভাতাদি বাবদ অর্থ বরাদ্দ দেয়া হতো। এবার ২য় কিস্তির সময় উন্নয়ন সার্কেলের কর্মকর্তা/কর্মচারীদের বেতন ভাতাদি বাবদ অর্থ বরাদ্দ দেয়ার ক্ষেত্রে স্থানীয় সরকার বিভাগের জি,ও তে উন্নয়ন সার্কেলের নাম

উল্লেখ না থাকায় উক্ত বরাদ্দ প্রদানে প্রথমে আপত্তি করলেও পরে আলোচনার মাধ্যমে বিষয়টি সমাধান করা হয় এবং বর্তমানে এ সমস্যা আর বিরাজমান নেই। তিনি আরও বলেন, অত্র বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে গত ৩০ জুন ২০১৬ তারিখে এ সংক্রান্ত একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় সিদ্ধান্ত হয় যে, ক) ওয়ার্ড কাউন্সিলরগণ শপথ না নেয়া পর্যন্ত তেজগাঁও উন্নয়ন সার্কেলের কার্যক্রম অব্যাহত থাকবে। খ) নির্বাচন না হওয়া পর্যন্ত ইউনিয়ন পরিষদের কর্মচারীদের কাজে কোনরূপ হস্তক্ষেপ করা যাবে না। গ) ১% অর্থ দিয়ে ইউনিয়ন পরিষদ যে কাজ করছে তা আপাততঃ অব্যাহত থাকবে।

৩। বিস্তারিত আলোচনার পর সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক) তেজগাঁও উন্নয়ন সার্কেলের পদসমূহ বিলুপ্ত না হওয়া পর্যন্ত পদের বিপরীতে পূর্বের ন্যায় বেতন ভাতাদি প্রদানের সুপারিশ করা হয়।

খ) মনিটরিং-১ শাখা হতে জারীকৃত জি,ও তে ঢাকা বিভাগের বরাদ্দকৃত অর্থ থেকে তেজগাঁও উন্নয়ন সার্কেলের কর্মকর্তা/কর্মচারীগণ বেতন ভাতাদি প্রাপ্য হবেন মর্মে উল্লেখ করার সুপারিশ করা হয়।

গ) তেজগাঁও উন্নয়ন সার্কেল বিলুপ্ত ঘোষণা করার জন্য এ বিভাগের সিটি কর্পোরেশন-১ শাখাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সুপারিশ করা হয়।

ঘ) জরুরী সেবাসমূহ প্রদানের সুবিধার্থে কোন ইউনিয়ন কোন জোনে অন্তর্ভূক্ত হবে সে বিষয়টি উল্লেখ করে ঢাকা উত্তর ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন সুনির্দিষ্ট প্রস্তাব স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করবে।

ঙ) তেজগাঁও উন্নয়ন সার্কেল বিলুপ্ত না হওয়া পর্যন্ত স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে গত ৩০ জুন ২০১৬ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তসমূহ বহাল থাকবে।

৪। পরিশেষে আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
১৮/০১/২০১৮খ্রিঃ
(এ এস এম মাহবুবুল আলম)
মহাপরিচালক (মইই উইং)
ও
সভার সভাপতি

স্মারক নং-৪৬.০৯৯.০২০.০০.০০.০২৮.২০১৭-১৪ তারিখঃ ২১-০১-২০১৮খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর/ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন।
২। যুগ্মসচিব (মওমূ), স্থানীয় সরকার বিভাগ।
৩। পরিচালক, স্থানীয় সরকার, ঢাকা বিভাগ, ঢাকা।
৪। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা।
৫। উপসচিব, সিটি কর্পোরেশন-১/২/উপজেলা-১/ইপ-১, স্থানীয় সরকার বিভাগ।
৬। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭। সিনিয়র সহকারী সচিব, উপজেলা-২/ইপ-২, স্থানীয় সরকার বিভাগ।
৮। সার্কেল অফিসার, তেজগাঁও উন্নয়ন সার্কেল, ঢাকা।
৯। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
১০। মহাপরিচালক (মইই) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২১/০১/২০১৮
(ড. গোলাম মোঃ ফারুক)
উপসচিব
ফোন ঃ ৯৫১৪৬১১